প্রথম আলো

তারিখ: 4 JAN 2009
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৭ ......

কুমিল্লা শিক্ষা বোর্ড

# এসএসসিতেই অর্ধেক শিক্ষার্থী ঝরে গেছে

নিজস্ব প্রতিবেদক ● কুমিল্লা

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন ছয় জেলায় ২০০৯ সালের অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় ৬০ হাজার ৫৪ জন শিক্ষার্থী ঝরে গেছে। শতকরা হিসেবে ওই হার ৫০ দশমিক ৮২ ভাগ। ঝরে পড়া শিক্ষার্থীদের মধ্যে মেয়েদের সংখ্যাই বেশি।

শিক্ষানুরাগী মহল এর পেছনে অষ্টম শ্রেণীতে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের প্রমোশন, দারিদ্র্য, মেয়েদের বিয়ে, ছেলেদের বিদেশে যাওয়ার প্রবণতা, অভিভাবকদের অসচেতনতা, মানসম্মত শিক্ষাব্যবস্থার অভাব, ব্যবস্থাপনা কমিটির দুর্বলতা প্রভৃতিকে কারণ হিসেবে চিহ্নিত করেছে।

বোর্ড সূত্রে জানা গেছে, এবারের এসএসসি পরীক্ষার জন্য ২০০৭ সালে নবম শ্রেণীতে এক লাখ ১৮ হাজার ১৬৯ জন শিক্ষার্থী নাম নিবন্ধন করে। এর মধ্যে ছাত্র ৫০ হাজার ৭১৫ জন এবং ছাত্রী ৬৭ হাজার ৪৫৪ জন। কিন্তু পরীক্ষার জন্য ফরম পূরণ করেছে ২৯ হাজার ৫৫৮ জন ছাত্র ও ২৮ হাজার ৫৫৭ জন ছাত্রী।

বোর্ডের অধীন ছয় জেলার মধ্যে নোয়াখালীতে ফরম পূরণ করেছে নয় হাজার ৩০০, ফেনীতে পাঁচ হাজার ৬৯৭, লক্ষ্মীপুরে চার হাজার ৭২০, চাঁদপুরে নয় হাজার ৭৬১, কুমিল্লায় ২০ হাজার ২০৫ এবং ব্রাহ্মণবাড়িয়ায় আট হাজার ৪৩২ জন শিক্ষার্থী।

তবে কুমিল্লা শিক্ষা বোর্ড থেকে পাওয়া তথ্যে দেখা গেছে, এবার গত বছরের তুলনায় ঝরে পড়া শিক্ষার্থীর সংখ্যা কমেছে। ২০০৮ সালের এসএসসি পরীক্ষায় ঝরে পড়া শিক্ষার্থীর হার ছিল শতকরা ৫৯ দশমিক ৪২।

চান্দিনার কৈলাইন তুলপাই উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু লাল সরকার বলেন, 'নাম নিবন্ধনের পর অনেক শিক্ষার্থী নানা কারণে ঝরে পড়ে। ফরম পূরণের সময় ওদের খুঁজে পাওয়া যায় না।'

কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. আতিকুর রহমান বলেন, পাঠ্যক্রমের সঙ্গে খাপ খাওয়াতে না পেরে অনেক শিক্ষার্থী ঝরে যায়।